

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৫৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৮. দিতীয় অনুচ্ছেদ - আত্মসংযম ও কাজে ধীরস্থিরতা

### আরবী

عَنْ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِيِّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْأَنَاةُ مِنَ اللَّهِ وَالْعَجَلَةُ مِنَ الشَّيْطَانِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ. وَقَدْ تَكَلَّمَ بَعْضُ أَهْلِ الْحَدِيثِ فِي عَبْدِ الْمُهَيْمِنِ بْنِ عَبَّاسِ الرَّاوِي من قبل حفظه

#### বাংলা

৫০৫৫-[৩] সাহল ইবনু সা'দ আস্ সা'ইদী (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ধীরস্থিরভাবে কাজ করা আল্লাহ তা'আলার পক্ষ থেকে আসে, আর তাড়াহুড়া করে কাজ করা শয়তানের পক্ষ থেকে আসে।[তিরমিযী;[1]

আর ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি গরীব। কোন কোন হাদীসবিদ এর অন্যতম রাবী 'আবদুল মুহায়মিন ইবনু 'আব্বাস এর স্মরণশক্তি সম্পর্কে মতভেদ করেছেন।

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২০১২, য'ঈফুল জামি'উস্ সগীর ২৩০০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫৫৭০।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "আবদুল মুহায়মিন ইবনু আব্বাস ইবনু সাহল" নামের বর্ণনাকারী য'ঈফ। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ৪/৪৫৬ পৃঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ الْأَنَاةُ مِنَ اللهِ وَالْعَجَلَةُ مِنَ اللهِ وَالْعَجَلَةُ مِنَ اللهِ وَالْعَجَلَةُ مِنَ اللهَ عَلى "ধীরস্থিরভাবে কাজ করা মহান আল্লাহর পক্ষ থেকে আসে আর তাড়াহুড়া করে কাজ করা শয়তানের পক্ষ থেকে আসে"। ইমাম মানবী (রহিমাহুল্লাহ) শারহুল জামি'উস্ সগীরে বলেনঃ ব্যক্তি শয়তানের ধোঁকায় পড়ে কোন কাজে তাড়াহুড়া করে। কারণ তাড়াহুড়া করা কোন কাজে সুপ্রতিষ্ঠিত হতে ও শাস্তির প্রদানের ক্ষেত্রে কাউকে অবকাশ দিতে বাধা দেয়। যার ফলে কাজের শেষে আফসোস অনুশোচনা



করতে হয়। আর এটাই হলো শয়তানের চক্রান্ত ও তার কুমন্ত্রণা।

খ্যামর ইবনুল 'আস (রাঃ) বলেন, মানুষ যতদিন তাড়াহুড়ার ফল ছিঁড়বে ততদিন সে আফসোস করবে। অর্থাৎ যতদিন তাড়াহুড়া করে কাজ করবে ততদিন তার আফসোস শেষ হবে না। অতঃপর নিন্দিত তাড়াহুড়া বলা হয়়, যাতে আনুগত্য থাকে না। যাতে সুপ্রতিষ্ঠিত করা বা প্রমাণ করা পাওয়া যায় না এবং যাতে কোন কিছু ছুটে যাওয়ার ভয় থাকে না। কারণ তাড়াহুড়া করা শয়তানের পক্ষ থেকে হয়ে থাকে। অতঃপর তিনি বলেছিলেন, য়িদ সেটা মূসা (আ.)-এর কথার মতো হয়়, وَعَجِلْتُ إِلَيْكَ رَبِّ لِتَرْضَى "হে আমার রব্! আমি আপনার নিকট তাড়াতাড়ি এসেছি যাতে আপনি সন্তুষ্ট হন"- (সূরাহ্ ত্ব-হা- ২০: ৮৪)। বলা হয়ে থাকে, য়েটা কল্যাণ কাজে তাড়াহুড়া করা হয় তাকে এ থেকে আলাদা করা হয়েছে। অর্থাৎ কল্যাণ কাজে তাড়াহুড়া করা যাবে। মহান আল্লাহ বলেন, الْخَيْرَاتِ "তারা কল্যাণ কাজে ছিল অগ্রগামী"- (সূরাহ্ আল আম্বিয়া ২১: ৯০)।

কারী বূন (بون) বলেনঃ আনুগত্যের ক্ষেত্রে প্রতিযোগিতা ও তাড়াহুড়া করা প্রশংসনীয়। আর 'ইবাদাতের ক্ষেত্রে তাড়াহুড়া করে ফেলা দোষণীয়। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০১২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন